

(ক) কর্মকারক (খ) সম্প্রদানকারক (গ) নিমিত্তকারক (ঘ) অধিকরণকারক

২। নীচের স্থূলান্ধর পদগুলির কারক ও অ-কারক সম্পর্ক এবং বিভক্তি ও অনুসর্গ নির্ণয় করো :

- (ক) পাগলে কি না বলে।
- (খ) 'বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা।'
- (গ) অন্ধজনে দেহ আলো।
- (ঘ) এ কলমে লেখা যায় না।
- (ঙ) সে তাস খেলছে।
- (চ) সে ভোরে বেরিয়েছে।
- (ছ) আমার খাওয়া হবে না।
- (জ) দুঃখীদের সাহায্য করো।
- (ঝ) ছাগলে ঘাস খায়।
- (ঞ) যেখানে বাঘের ভয় সেখানেই সন্ধ্যা হয়।
- (ট) ছেলেরা পুকুরে সাঁতার কাটছে।
- (ঠ) জলে মাছ আছে।
- (ড) ওকে আর বোকো না।
- (ঢ) তিনি বন্যাভ্রাণে অনেক টাকা দিলেন।
- (ণ) 'বুলবুলিতে ধান খেয়েছে।'
- (ত) এবারে গঙ্গাসাগরে যাব।
- (থ) সময়ে সবই হয়।
- (দ) মরণে তার ভয় নেই।
- (ধ) তিলে তেল হয়।
- (ন) ওহে, একটু দাঁড়াও।
- (প) মাঠের ধান মাঠেই শুকিয়ে গেল।
- (ফ) বিকেলে ওরা ফিরে এল।
- (ব) ধনকে নিয়ে বনকে যাব।
- (ভ) 'সোনার সীতারে হরেছে রাবণ।'
- (ম) পথে কুড়িয়ে পেলাম।

